# U.G. 1st Semester Examination - 2020

## BENGALI

### Course Code : BNGCCRT101

### Course Title : প্রাক্-আধুনিক বাংলা সাহিত্য

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) 'হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধ গান ও দোহা'— কত সালে প্রকাশিত হয়?

খ) চর্যাগীতির সংস্কৃত টীকাকারের নাম লেখো।

গ) 'সোনে ভরিলী করুণা নাবী'— পদটির পদকর্তা কে?

ঘ) 'ধামার্থে চাটিল সাঙ্কম গঢ়ই'— 'সাঙ্কম' শব্দের অর্থ লেখো।

ঙ) 'সহজচক্র' বা 'মহাসুখচক্র' কোথায় অবস্থিত?

চ) 'Sanskrit Buddhist Literature in Nepal'- নামক পুথির তালিকাটি কে প্রকাশ করেছিলেন?

ছ) বাঁকুড়া জেলার কোন্ গ্রাম থেকে 'শ্রীকৃষ্ণকীর্তনে'র পুথি আবিষ্কৃত হয়েছিল?

[পরের পাতায়]

জ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে সর্বমোট ক'টি খণ্ড আছে?

ঝ) বড়ু চন্ডীদাসের উপাস্য দেবীর নাম কী?

ঞ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কোন্ খণ্ডটিকে প্রক্ষিপ্ত বলে মনে করা হয়?

ট) মালাধর বসুর উপাধি কী ছিল?

ঠ) 'সুস্থ হও ব্যাধ তোর নাহি কিছু ভয়'— ব্যাধের পরিচয় দাও।

ড) কোন্ রাজার পৃষ্ঠপোষকতায় রামেশ্বর ভট্টাচার্য 'শিব-সংকীর্তন' রচনা করেন?

ঢ) শিবকে কৈলাসে ফিরিয়ে নিয়ে যাওয়ার জন্য গৌরী কার সঙ্গে পরামর্শ করেছিলেন?

ণ) 'অনিরুদ্ধ সহিতে ঊষার কৈল ভূষা।'— অনিরুদ্ধ কে?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

ক) চর্যাচর্যবিনিশ্চয়ের খণ্ডিত পুথিতে সর্বমোট কতজন কবির ভণিতাযুক্ত পদ পাওয়া যায়? এঁদের মধ্যে সর্বাধিক পদ রচনা করেছেন কে?

খ) চর্যাপদের উপর গবেষণা করেছেন এমন দু'জন অবাঙালি গবেষকের নাম লেখো।

গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের তাম্বুলখণ্ডে উল্লিখিত দু'টি রাগের নাম লেখো।

ঘ) 'কেশপাশেঁ শোভে তার সুরঙ্গসিন্দুর। / সজল জলদে যেহ্ন ঊইল নব সূর।'— পংক্তিদুটির সাম্প্রতিক বাংলা গদ্যরূপ লেখো।

ঙ) ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যের রচনারম্ভ ও সমাপ্তিকাল উল্লেখ করো।

চ) ‘প্রদ্যুম্নকুমার আর সাম্ব আদি বির।’— প্রদ্যুম্নর পরিচয় দাও।

ছ) শিব কার কাছে জমি পাট্টা নিয়েছিলেন? বীজধান কোথা থেকে পেয়েছিলেন?

জ) ‘বিমোহিনী বাগদিনী হৈল সেইকালে’— বাগদিনীর পরিচয় উল্লেখ করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের তাম্বুলখণ্ডের কাহিনি বিবৃত করো।

খ) ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যের পাঠ্য অংশ অবলম্বনে মালাধর বসু’র কবি প্রতিভার মৌলিকতা নিরূপণ করো।

গ) বাংলা মঙ্গলকাব্যের ধারায় রামেশ্বর ভট্টাচার্যের ‘শিব-সংকীর্তন’ কাব্যের স্বাতন্ত্র্য নির্ণয় করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) পাঠ্যপদ অবলম্বনে চর্যাপদের সাহিত্যমূল্য বিচার করো।

খ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের তাম্বুলখণ্ড অবলম্বনে রাধা চরিত্রের পরিচয় দাও।

গ) ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যের পাঠ্য অংশ অবলম্বনে যদুবংশ ধ্বংসের বৃত্তান্তটি বিশ্লেষণ করো।

———————